

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৮, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
অবা-১ শাখা।

আদেশ

তারিখ, ৪ বৈশাখ ১৪১১/১৭ এপ্রিল ২০০৪

এস, আর, ও নং ১০৬-আইন/২০০৪—যেহেতু জাপান, তাইওয়ান, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, পাকিস্তান, ভিয়েতনাম, ভারত ও মালয়েশিয়ায় বার্ডফু এর প্রাদুর্ভাব দেখা দিয়াছে ; এবং

যেহেতু সরকার ২৮-০১-২০০৪ইং তারিখের এস, আর, ও নং-২০-আইন/২০০৪ জারীর মাধ্যমে উক্ত রোগের কারণে উপরোক্ত ৮টি দেশ হইতে ১ (এক) দিনের মুরগির বাচ্চা, মুরগির ডিম, হিমায়িত মুরগির মাংস, মুরগি হইতে সকল প্রকার উৎপন্ন দ্রব্যাদি (বায়োলজিক্যাল প্রডাক্টসসহ), পোষ্য ও বন্য পাখী সাময়িকভাবে ২ (দুই) মাসের জন্য (২১ মার্চ, ২০০৪ পর্যন্ত) আমদানি স্থগিত করিয়াছে ; এবং

যেহেতু উক্ত রোগের প্রাদুর্ভাব এখনো বিদ্যমান থাকার কারণে ২৮-০১-২০০৪ইং তারিখের এস, আর, ও নং-২০-আইন/২০০৪ এর মাধ্যমে জারীকৃত উক্ত নিষেধাজ্ঞার মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন ;

সেহেতু Imports and Exports Control Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২৮-০১-২০০৪ইং তারিখের এস, আর, ও নং-২০-আইন/২০০৪ এর মাধ্যমে জারীকৃত উক্ত নিষেধাজ্ঞার মেয়াদ আরোও দুই মাসের জন্য অর্থাৎ ২১ মে, ২০০৪ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করিল।

২। এই আদেশ ২২ মার্চ, ২০০৪ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ

উপ-সচিব (আইআইটি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ২৩৫৭ )

মূল্য : টাকা ১.০০